

# কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

অনলাইন অ্যাসাইনমেন্ট 2020

শ্রেণী : অষ্টম বিষয় : বাংলা

সময় - ২ ঘন্টা

পূর্ণমান - ৫০।

(বিশেষ দ্রষ্টব্য: একটি গদ্যাংশ এবং একটি কবিতাংশ থেকে মোট দুইটি প্রশ্নের উত্তর দিতে হবে।) সৃজনশীল ১০x২=২০

## গদ্যাংশ

১. টয়লেট পরিষ্কার করতে গিয়ে সাগির একটি মানিবাগ পায়। ব্যাগের ভেতর এক কোটি টাকার একটি চেক দেখতে পায়। চেকটি

অন্যায়ভাবে আত্মসাৎ করার কথা তার মাথায় আসেনি। সে সোজা অফিসের বস কে মানিবাগটি চেকসহ ফেরত দেয়।

ক. 'পত্রপাঠ বিদায়' শব্দটির অর্থ কি? ১

খ. অম্বরপুরের লোকটি চাকরির খোঁজে এসেছে কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাগিরের কাজে 'পড়ে পাওয়া' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে ফুটে ওঠা দিক ছাড়াও 'পড়ে পাওয়া' গল্পে আরও বিভিন্ন ঘটনার উল্লেখ রয়েছে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

২. রিজন গ্রাম ছেড়ে শহরে নানু বাড়িতে পড়াশোনা করার উদ্দেশ্যে এসেছে। তার রাসেল মামা তাকে বেড়াতে নিয়ে গেল। এত সুন্দর শহর! পার্ক, বড় বড় হোটেল, রেস্টুরেন্ট, জাদুঘর আরো চমকপ্রদ সব জিনিস দেখে অভিভূত হয় রিজন।

ক. 'পাইক্যা'এর একচেটিয়া চালক কারা? ১

খ. 'লুঙ্গি', ফুঙ্গি, প্যাগোডা- এই তিন নিয়েই মিয়ানমার' উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত শহরের সাথে 'মংডুর পথে' রচনার তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. "স্থান ভেদে মানুষের জীবনযাপনের যে পার্থক্য তা উদ্দীপকে এবং 'মংডুর পথে' রচনায় স্পষ্ট হয়ে উঠেছে" উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## কবিতাংশ

৩. জগৎ জুড়ে আছো তুমি হে প্রভু দয়াময়,  
সগু আকাশ সগু জমিন সৃজিলে তুমি অসীম করুণাময়।  
নিশীথে গগনে চলে তারকার মেলা  
চাঁদের হাসিতে মন হয় উতলা  
হাসনাহেনা তোমার নামে সুমধুর সুবাস ছড়ায়।

ক. 'চাকর' শব্দের অর্থ কি? ১

খ. 'তরলতা শিরে, তোমারি প্রসাদ'- উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'প্রার্থনা' কবিতার যে দিকটি ফুটে ওঠেনি- তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'প্রার্থনা' কবিতায় প্রকাশিত শ্রষ্টার অপার মহিমা সম্পর্কে বিশ্লেষণ করো। ৪

## নিমিতি অংশ -

১০

৪. ভাব সম্প্রসারণ কর:

জ্ঞানহীন মানুষ পশুর সমান।

৫

৫. পত্র লিখ:

কম্পিউটার শিক্ষার গুরুত্ব উল্লেখ করে ছোট বোনকে একটি পত্র লিখ।

৫

৬. এক বাক্যে উত্তর দাও:

২x১০=২০

ক. 'দশচক্রে ভগবানভূত' বলতে কী বোঝানো হয়েছে?

খ. 'কাপালি' কারা?

গ. 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?

ঘ. পুরুষদের বিজয়ের পেছনে নারীরা কিভাবে সহযোগিতা করেছে?

ঙ. 'একুশের গান' কবিতাটির পটভূমি কি?

চ. মৌলিক স্বরধ্বনি কয়টি?

ছ. বিসর্গ সন্ধি কয় ভাবে সাধিত হয়?

জ. বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা কিছু বলা হয় তাকে কি বলে?

ঝ. বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য কোনটি ব্যবহৃত হয়?

ঞ. বাক্যে সম্বোধনের পর কোন বিরাম চিহ্ন বসে?

\*\*\*\* বি: দ্র: প্রশ্নপত্রের যে কোন সমস্যায় বিষয় শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা যাবে। \*\*\*\*